দৈনিক বাংলা

১১৪

তারিখ ... 07 DEC 1995 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

## ক্যাডেট কলেজ নয়, কৃষি কলেজ চাই

বাংলাদেশের ১০টি ক্যাডেট কলেজের জন্য সরকার বিপুল পরিমাণ অর্থ ব্যয় করে থাকেন। সাধারণ কলেজের ছাত্রদের জন্য জনপ্রতি বার্ষিক খরচ হয় যেখানে ১৮৩৭ টাকা সেখানে ক্যাডেট কলেজের ছাত্রদের জনপ্রতি বার্ষিক খরচ ৫১,৩৫৫ টাকা। এত বিপুল পরিমাণ অর্থ ব্যয় ৩০০ জন ক্যাডেটের জন্য ১৯০ জন কর্মচারী কর্মকর্তা নিয়োগ করা সত্ত্বেও ক্যাডেটদের বোর্ড পরীক্ষার ফলাফল সন্তোষজনক নয়। ১৯৯৫ সালের এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফলাফল পর্যালোচনা করলে দেখা যায়, কিছু ক্যাডেট সম্মিলিত মেধাতালিকায় স্থান লাভ করলেও, বিভিন্ন ক্যাডেট কলেজের বেশ কিছু ক্যাডেট ফেল এবং তৃতীয় ও দ্বিতীয় বিভাগে পাস করেছে যা ক্যাডেটদের কাছ থেকে আশা করা যায় না। ক্যাডেট কলেজসমূহ ক্যাডেটদের লেখাপড়ার গুণগত মান অর্জনে ব্যর্থ হচ্ছে, তাছাড়া বর্তমান অবস্থার প্রেক্ষাপটে ক্যাডেট শিক্ষা ব্যবস্থার প্রয়োজনীয়তা আছে বলে মনে হয় না। সরকার ফেনীতে ১৮০ কোটি টাকা ব্যয় করে আরও একটি নতুন ক্যাডেট কলেজ নির্মাণ করছেন তাকে ক্যাডেট কলেজ না করে কৃষি কলেজ করলে কৃষি অর্থনীতি নির্ভর বাংলাদেশের কল্যাণ সাধিত হবে। তাই বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ আবদুল হান্নান
১ম বর্ষ, (সম্মান) ইতিহাস
শহীদ বুলবুল সরকারী কলেজ পাবনা।